দৈনিক ইনকিলাব

49

তারিখ ... 05 JUN 1998 ...
পৃষ্ঠা 1 কলাম 2 ......

# প্রধানমন্ত্রী আগামীকাল ঢাকা ভার্সিটিতে যাবেন ঃ ছাত্রদলের প্রত্যাখ্যান ঃ ক্যাম্পাসে উত্তেজনা

স্টাফ রিপোর্টার ঃ আগামীকাল সকাল ১০টায় টিএসসিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এলামনাই কনভেনশন। প্রধানমন্ত্রী এ অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন। ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রধানমন্ত্রীর আগমনের সিদ্ধান্তের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানানোয় ক্যাম্পাসে উত্তেজনা সৃষ্টি হয়েছে।

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## [ক্যা]ম্পাসে উত্তেজনা

প্রথম পৃষ্ঠার পর

গতকাল এক বিবৃতিতে ছাত্রদল কেন্দ্রীয় সংসদের ভারপ্রাপ্ত সভাপতি আব্দুল খালেক ও সাধারণ সম্পাদক হাবিব-উন নবী সোহেল বলেন, ঐতিহ্যবাহী ঢাকা বিশ্ববিদ্যালয়ের এলামনাই কনভেনশনকে আমরা স্বাগত জানাই, কিন্তু যে প্রধানমন্ত্রীর নির্দেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অসংখ্য মেধাবী ছাত্রকে হত্যা করা হয়েছে, চর দখলের মতো হল দখল করে সাধারণ ছাত্র-ছাত্রীদের জীবন নিরাপত্তাহীন ও অনিশ্চয়তার দিকে ঠেলে দেয়া হয়েছে এবং হাজার হাজার ছাত্রকে নির্যাতন-নিপীড়ন করে রক্তাক্ত করা হয়েছে সেই বিতর্কিত প্রধানমন্ত্রীর ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আসার কোন নৈতিক অধিকার নেই।

বিবৃতিতে নেতৃবৃন্দ আরো বলেন, এই প্রধানমন্ত্রী ক্ষমতায় গিয়েই ছাত্র রাজনীতির গৌরবান্বিত ইতিহাসকে মুছে ফেলে ছাত্র রাজনীতি বন্ধের চক্রান্তে লিপ্ত হয়েছেন, অপরদিকে আমাদের প্রিয় মাতৃভূমির অংশ পার্বত্য চট্টগ্রামকে ভারতের হাতে তুলে দেয়ার বন্দোবস্ত করে বাংলাদেশের স্বাধীনতা-সার্বভৌমত্বকে বিপন্ন করে তুলেছেন। সুতরাং এদেশের সকল গণতান্ত্রিক আন্দোলনের সুতিকাগার ঐতিহ্যবাহী ঢাকা বিশ্ববিদ্যালয়ের পবিত্র আঙ্গিনায় এই প্রধানমন্ত্রীকে বিবেকবান ছাত্রসমাজ দেখতে চায় না। তারা বলেন, এ ধরনের একটি তাৎপর্যবহ এলামনাই কনভেনশনে 'ছাত্র হত্যাকারী' ও 'দেশ বিক্রিকারী' প্রধানমন্ত্রী আগমন করলে অনুষ্ঠানটি নিঃসন্দেহে কলংকিত হয়ে পড়বে এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের পবিত্র আঙ্গিনা কলুষিত হবে।